



ফোন নং : (০৩৮১) ২৩২ ৩৩৫৫
২৩২ ২৯১২

ত্রিপুরা রাজ্য মহিলা কমিশন

মেলারমাঠ □ আগরতলা □ পশ্চিম ত্রিপুরা □ পিন - ৭৯৯ ০০১


রেফ নং :

তারিখ :

প্রেস রিলিজ
ত্রিপুরা রাজ্য মহিলা কমিশন (স্মারকসহ) কর্তৃক - মহিলাদের
সুদূর আমেরিকার নিউজার্সিতে কর্মরত অনাবাসী ভারতীয় ত্রিপুরার ছেলে শ্রীসৌমেন সরকারের
সঙ্গে সম্প্রতি টেলিফোনে কথা হবার সময় মহিলা কমিশনের সভানেত্রী জানতে পারেন যে, ত্রিপুরার দুস্থ
ছেলে মেয়েদের চিকিৎসা, পড়াশুনা, ইত্যাদির ব্যাপারে সাহায্য করার জন্য আমেরিকায় কর্মরত ত্রিপুরার
ছেলেরা সেখানে একটি সংস্থা গঠন করেছেন এবং শ্রীসরকারই এই সংস্থার কর্তৃধার। সভানেত্রী গত ২৩
এপ্রিল ২০১০-এ মেয়েটির ওপর নির্বাহতনের ঘটনার বিস্তৃত বিবরণ সহ তার কাছে এই মর্মে একটি
ইমেইল করেন যে কমিশন বিপন্ন মেয়েটিকে কোন একটি সরকারী ছাত্রী আবাসে রাখার ব্যবস্থা করেছে।
কিন্তু কমিশনের আবেদনে সাদা দিয়ে সেখানে মেয়েটির থাকার খরচ ত্রিপুরা সরকার মুকুব করলেও খাওয়া
এবং পড়াশুনার জন্যে যে খরচ হয় তা কমিশনের পক্ষে চালিয়ে যাওয়া সম্ভব হচ্ছে না। তিনি যদি এই
বিষয়ে কোন সহায়তা করতে পারেন তাহলে কমিশন, বিশেষ করে নির্বাহিত বিপন্ন মেয়েটি খুবই উপকৃত
হবে। ২৪ই এপ্রিল ২০১০-এর মেইলে উত্তর আসে যে শ্রীসৌমেন সরকার কমিশনের মাধ্যমে মেয়েটিকে
মাসিক ১৫০০ টাকা করে সাহায্যের ব্যবস্থা করেছেন এবং ১লা মে থেকেই তা কার্যকর হবে। প্রতি
মাসের ১ তারিখ স্টেট ব্যাংক আগরতলা শাখায় উক্ত টাকা তিনি ট্রান্সফার করে দেবেন একথাও ৩০
এপ্রিলের মেইলে শ্রীসরকার সভানেত্রীকে জানিয়েছেন। আজ ব্যাংকে খোঁজ নিয়ে কমিশন জানতে পেরেছে
যে মে মাসের ১৫০০ টাকা ইতিমধ্যে ব্যাংকে জমা পড়ে গেছে।

শুধু তাই নয়, পড়াশুনা করে যতদিন পর্যন্ত মেয়েটি পড়াতে না পারবে ততদিন এই অর্থ সাহায্য
অব্যাহত থাকবে।

ত্রিপুরা মহিলা কমিশন শ্রীসরকারকে বিশেষভাবে ধন্যবাদ জানিয়েছে এবং কৃতজ্ঞতা প্রকাশ
করেছে। নির্বাহিত মেয়েটির নিরাপত্তার কারণে তার পরিচয় দেওয়া সম্ভব হল না।


Archana Bhattacharya
Member Secretary,
Tripura Commission for Women